

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭১১(আগরতলা-১৩।০২)  
বিলৌনীয়া, ১৩ ফেব্রুয়ারী, ২০১৮।

দক্ষিণ জেলার মাইক্রো অবজারভারদের মহড়া অনুষ্ঠিত

আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ দক্ষিণ ত্রিপুরা জেলায় নির্বাচনী কাজে নিযুক্ত মাইক্রো অবজারভারদের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। বিলৌনীয়ার ‘অগ্নিবীণা’ হলে আয়োজিত এই মহড়ায় জেলার ৩৪-রাজনগর (এস সি), ৩৫-বিলৌনীয়া, ৩৬-শান্তিরবাজার (এস টি), ৩৭-ঋষ্যমুখ, ৩৮-জোলাইবাড়ি (এস টি), ৩৯-মনু (এস টি) এবং ৪০-সাব্রুম এই ৭টি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য নিযুক্ত ২৪৮ জন মাইক্রো অবজারভার অংশ নিয়েছেন। নির্বাচনী মহড়ায় সাধারণ পর্যবেক্ষক অনিল কুমার, পুলিশ পর্যবেক্ষক উৎপল কুমার লস্কর ও জেলা নির্বাচনী আধিকারিক সি কে জমাতিয়া মাইক্রো অবজারভারদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*